দৈনিক সংবাদ

তারিখ 08 AUG 1988
পৃষ্ঠা ৮ কলাম ৬

C30

পার্বতীপুরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে লেখাপড়া বিঘ্নিত

পার্বতীপুর (দিনাজপুর), ৬ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা) ।-- শ্রেণীকক্ষের অভাব, আসবাবপত্র ও শিক্ষা উপকরণের সংকট এবং প্রয়োজনীয় অর্থাভাবসহ নানা সমস্যা ও অব্যবস্থার দরুন পার্বতীপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা ব্যাহত হচ্ছে ।

১৯৩৬ সালে স্থাপিত হাবড়া উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সংখ্যানুপাতে পর্যাপ্ত শ্রেণীকক্ষ না থাকায় নিয়মিত ক্লাস চালানো দুরূহ হয়ে পড়েছে । স্থানাভাবের দরুন স্বল্প পরিসর কক্ষগুলোতে ভীষণ অসুবিধার মধ্যে ছাত্র-ছাত্রীদের ক্লাস করতে হয় । পৃথক অফিস ঘর নেই । মেয়েদের জন্য আলাদা বিশ্রামাগার নেই, ছাত্রাবাস ও বিজ্ঞান ভবন নেই । আসবাবপত্রের সংখ্যাও একেবারেই কম । বেঞ্চ সংকট প্রকট আকার ধারণ করেছে । ভবানীপুর উচ্চ বিদ্যালয়ে একই সমস্যা বিদ্যমান ।

হামিদপুর ইউনিয়নের হাজী সালাউল্লাহ উচ্চ বিদ্যালয়ের অত্যন্ত করুণ অবস্থা । প্রায় ২২ বছর পূর্বে অপরিকল্পিতভাবে তৈরী বিদ্যালয় ভবন জরাজীর্ণ হয়ে পড়েছে । সংস্কারের অভাবে প্লাষ্টার খসে পড়ছে । দেয়ালের বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে, এমনকি ছাদ ভেঙ্গে পড়ার উপক্রম হওয়ায় জীবনের ঝুঁকি নিয়ে ছাত্র-ছাত্রীদের ক্লাস করতে হচ্ছে । শ্রেণীকক্ষের অভাব এতই প্রকট যে, পার্শ্ববর্তী মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের কক্ষগুলোতে ক্লাস চালানো হচ্ছে । বেঞ্চের অভাবে অনেক সময় ছাত্র-ছাত্রীদের দাড়িয়ে ক্লাস করতে হয় । আসবাবপত্রের মধ্যে কয়েকটি হাতলবিহীন নড়বড়ে চেয়ার, ভাঙ্গাচোরা টেবিল ছাড়া কিছুই নেই । ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের কমনরুম নেই । আলমিরা না থাকায় প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণে দারুণ অসুবিধা । মাঝে মধ্যে গুরুত্বপূর্ণ কাগজপত্র বগলদাবা করে বাড়ী নিয়ে যেতে হয় । ল্যাবরেটরীতে প্রয়োজনীয় সরঞ্জাম নেই । অর্থাভাবের দরুন শিক্ষকদের নিয়মিত বেতন দেয়া, উন্নয়নমূলক কাজে হাত দেয়া সম্ভব হচ্ছে না বলে কর্তৃপক্ষ জানিয়েছেন ।

সন্থপুর কো-অপারেটিভ উচ্চ বিদ্যালয়গৃহের অধিকাংশ জানালা দরজা নেই । প্রায় চার বছর থেকে বিজ্ঞান ভবন অসমাপ্ত অবস্থায় পড়ে আছে । কক্ষের অভাবে একই ঘরে প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকবৃন্দ ও অফিসের কাজকর্ম চালানো হয় । খেলাধুলার সরঞ্জাম নেই । আর্থিক সংকট তীব্র ।

রামপুর ইউনিয়নের জমির হাট উচ্চ বিদ্যালয়ে মাত্র ৩টি শ্রেণী কক্ষে সবগুলো ক্লাস চালানো দুষ্কর হয়ে পড়েছে । চেয়ার বেঞ্চের অভাব প্রকট । এছাড়া বেলাইচন্ডি, দলাইকোঠা, রাজাবাসর, আমবাড়ী ও দুর্গাপুর উচ্চ বিদ্যালয় গুলোতেও একই সমস্যা বিরাজ করছে ।